**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে রবি মরশুমের বোরো ধান ক্রয়ের সূচনা করেন ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৮ই জুন পিএম-কিষান সম্মান নিধি প্রকল্পের অধীনে নয় কোটি তিন লক্ষ কৃষকের অ্যাকাউন্টে প্রায় ২০ হাজার কোটি টাকা প্রদান করবেন ।**

**(৩) কাঞ্চনঝঙঘা এক্সপ্রেসের যাত্রাপথ আগামীকাল থেকে সাব্রুম পর্যন্ত সম্প্রসারিত হচ্ছে ।**

**(৪) সদরের আন্ত: স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল চ্যাম্পিয়ন হয়েছে ।**

*****************************************

**State Level Paddy procurement-South :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ দক্ষিণ জেলার জোলাইবাড়িতে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে রবি মরশুমের বোরো ধান ক্রয়ের সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, কৃষকদের আয়

দ্বিগুণ করার লক্ষ্যে রাজ্য সরকার বছরে দু'বার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করছে। দেশ ও রাজ্যের অর্থনীতির বিকাশ ও কৃষকের কল্যাণে কিষাণ সম্মাননিধি যোজনা, সহায়কমূল্যে ধান ক্রয়, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, মৃত্তিকা পরীক্ষার মতো প্রকল্পগুলি সহায়ক ভূমিকা নিচ্ছে। কৃষিমন্ত্রী বলেন, রাজ্যেও ইতিমধ্যে কিষাণ সম্মাননিধি যোজনায় ২ লক্ষ ৫২ হাজার কৃষক উপকৃত হয়েছে। রাজ্যে কৃষকদের মাসিক আয় বেড়ে দাঁড়িয়েছে ১৩ হাজার ৫০০ টাকা।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাজ্য সরকার এখন পর্যন্ত ২ লক্ষ মেট্রিকটন ধান কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ক্রয় করেছে। এতে রাজ্যের কৃষকগণ ৩০০ কোটি ৮২ লক্ষ টাকা পেয়েছেন। এবার রাজ্যের ১৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এজন্য রাজ্যের ৫৮টি ব্লকের মধ্যে ৩১টি ব্লকে ধান ক্রয় কেন্দ্র খোলা হয়েছে। উল্লেখ্য, এবার প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, খাদ্য দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার ও শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য। পৌরহিত্য করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাধিপতি বিভীষণ দাস।

**************************

**Paddy Purchase-Sepahijala :**

বিধায়ক কিশোর বর্মন আজ সোনামুড়া মহকুমার মেলাঘরের জগন্নাথ বাড়িতে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করেন। সিপাহীজলা

জেলার অন্তর্গত সোনামুড়া মহকুমার কাঠালিয়া ও বিশালগড় মহকুমার রাস্তারমাথার ধান সংগ্রহ কেন্দ্রেও আজ থেকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু হয়েছে। কাঠালিয়ায় এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ ও বিশালগড়ের ধান ক্রয় কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব।

***************************

**PM Kishan Scheme :**

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৮ই জুন বারাণসীতে এক অনুষ্ঠানে পিএম-কিষান সম্মান নিধি প্রকল্পের অধীনে নয় কোটি তিন লক্ষ কৃষকের অ্যাকাউন্টে প্রায় ২০ হাজার কোটি টাকা প্রদান করবেন। প্রধানমন্ত্রী সেদিন সারা দেশের বিভিন্ন রাজ্যের কৃষকদের সাথে মত বিনিময় করবেন।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহান জানিয়েছেন, এই কর্মসূচিতে অংশ নেবার জন্য তিনি সকল রাজ্যের মুখ্যমন্ত্রীদেরকেও অনুরোধ জানিয়েছেন। প্রধানমন্ত্রীর এই ভার্চুয়াল কর্মসূচি ঘিরে কৃষকদের নিয়ে রাজ্যের ধলাই জেলায়ও সেদিন একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

***************************

**Disaster Management :**

ঊনকোটি জেলার কুমারঘাটের মানসী মিলনায়তনে আজ অনুষ্ঠিত হয় বিপর্যয় মোকাবিলা বিষয়ক এক সচেতনতামূলক কার্যক্রম। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কুমারঘাট পুর

পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। উপস্থিত ছিলেন, মহকুমা প্রশাসনের উপ-সমাহর্তা অভিজিৎ কুমার দাস, বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ প্রমুখ। এখানে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বা N.D.R.F -এর প্রথম ব্যাটেলিয়নের জোয়ানরা বিপর্যয়কালীন, তার আগে ও পরে করনীয়, সাবধানতা -সচেতনতা সম্পর্কে মহড়া প্রদর্শন করেন। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বা N.D.R.F এর ইন্সপেক্টর নাগদেও সিং জানান, বাহিনীর একটি টিম বর্তমানে ঊনকোটি জেলাতে অবস্থান করে নানাস্থানে সচেতনতামূলক কার্যক্রম করছেন। বিপর্যয় হলে স্থানীয় প্রশাসনের সাথে মিলে বিপর্যয় মোকাবিলার কাজ করবে বাহিনী বলে তিনি জানান।

*****************************

**Child Trafficing-Khowai :**

রাজ্য এবং জাতীয় কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস এর উদ্যোগে আজ খোয়াই জেলা শাসকের কার্যালয়ে শিশু পাচার রোধে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস এর চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান, খোয়াই মহকুমা শাসক মেঘা জৈন ও পুলিশের পদস্থ আধিকারিকগন।

******************************

**Biplab Kumar Deb :**

পশ্চিমবঙ্গে নির্বাচনোত্তর আইন-শৃঙ্খলা খতিয়ে দেখতে সাংসদ বিপ্লব কুমার দেবের নেতৃত্বে কমিটির গঠন করলেন বিজেপির

সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। ৪ সদস্যের কমিটিতে রয়েছেন সাংসদ রবি শংকর প্রসাদ,  বিজলাল, কবিতা পতিদার।

****************************

**Kanchenjunga Express :**

কাঞ্চনঝঙঘা এক্সপ্রেসের যাত্রাপথ আগামীকাল থেকে সাব্রুম পর্যন্ত সম্প্রসারিত হচ্ছে। আগরতলা রেল স্টেশন মাস্টার চন্দ্র মোহন শাহু জানিয়েছেন আগামীকাল কলকাতা থেকে কাঞ্চনজঙঘা এক্সপ্রেসটি যাত্রা করে আগামী ১৭ই জুন রাত আটটায় সাব্রুম এসে পৌঁছাবে। পরের দিন অর্থাৎ ১৮ই জুন সকাল ৬টা ২০ মিনিটে সাব্রুম থেকে কাঞ্চনজঙঘা এক্সপ্রেসটি কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে। উল্লেখ্য বর্তমানে এতদিন কাঞ্চনজঙঘা এক্সপ্রেস কলকাতা আগরতলা মধ্যে যাতায়াত করছে।

****************************

**IMD warning Rail :**

ভারী থেকে অতিভারী বৃষ্টির ফলে এন.এফ রেলওয়ে লামডিং-বদরপুর পাহাড় লাইনে আজ ও আগামীকাল আটটি যাত্রীবাহী ট্রেন বাতিল করেছে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অতিরিক্ত জেনারেল ম্যানেজার রবিলেশ কুমার আজ গুয়াহাটির মালিগাঁও-এ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। ভারী বৃষ্টিপাতের ফলে লামডিং-বদরপুর হিল সেকশনের নিউ হাফলং রেলওয়ে স্টেশন সংলগ্ন একটি জায়গায় রেল লাইনের উপর পাহাড় থেকে কাদাজলের ধ্বস নেমেছে।

এদিকে, আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন সাহু জানিয়েছেন, আগরতলা দেওঘর এক্সপ্রেসটি আজ সন্ধ্যা সাতটার পরিবর্তে রাত সাড়ে এগারোটায় যাবে বলে তিনি জানিয়েছেন।

********************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তিনদিনব্যাপী ইতালি সফর শেষ করে আজ সকালে নয়াদিল্লি ফিরেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, প্রধানমন্ত্রী এই সফরটিকে ফলপ্রসূ বলে বর্ণনা করেছেন এবং বলেছেন, এই গুরুত্বপূর্ণ G7 শীর্ষ সম্মেলনে  তিনি বিশ্ব মঞ্চে ভারতের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন এবং বিভিন্ন বিষয়ে বিশ্ব নেতাদের সাথে আলোচনা করেছেন।বিদেশ মন্ত্রক বলেছে, এই সফরে G7 এর অধীনে গুরুত্বপূর্ণ বৈশ্বিক ইস্যুতে ফলপ্রসূ আলোচনা হয়েছে।

***************************

**Legal Metrology Office-Santirbazar :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ দক্ষিণ জেলার শান্তিরবাজারে লিগ্যাল মেট্রোলজি অফিস ও পরীক্ষাগারের পাকা ভবনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, সরকারের লক্ষ্য ভোক্তাগণ যেন কোনও অবস্থাতেই প্রতারিত না হয়। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে সরকার কঠোর মনোভাব নিয়েছে। এজন্য প্রতিনিয়ত বিভিন্ন বাজারে অভিযান চালানো হচ্ছে। সরকার লক্ষ্য রাখছে কোনও অবস্থাতেই যেন মেয়াদ উত্তীর্ণ পণ্য সামগ্রী বাজারে বিক্রয় না হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ

ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য।

**************************

**AIDSO :**

নীট পরীক্ষার অনিয়মের অভিযোগ তুলে AIDSO এই ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছেন। তাছাড়া উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সমস্ত ছাত্রছাত্রীদের কলেজে ভর্তির ব্যবস্থা করার দাবিও জানিয়েছে AIDSO. এই সমস্ত দাবিতে আজ AIDSO-র পক্ষ থেকে আগরতলায় শিক্ষা ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

*****************************

**Seizure of marijuana :**

সিধাই থানাধীন চন্দ্রপুর কৃষ্ণকান্ত পাড়া থেকে পুলিশ আজ ভোরে ২৮০ কেজি গাজা আটক করেছে। পুলিশ এক পাচারকারীকে গ্রেপ্তার করেছে।

******************************

**Khowai-Cyclone :**

আজ সকালে দু মিনিটের ঘূর্ণিঝড়ে খোয়াই ব্লকের পশ্চিম সোনাতলা এবং মধ্য গণকী গ্রামের প্রচুর ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়েছে। প্রায় ২৫টি বসতবাড়ির উপর গাছ ভেঙে পড়েছে। বেশ কিছু বৈদ্যুতিক খুঁটির ক্ষতি হয়েছে। ঘূর্ণিঝড়ে বেশ কয়েকজন

আহত হয়েছে। আহতদের চিকিৎসা চলছে খোয়াই জেলা হাসপাতালে। ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতির খবর পেয়ে মহকুমা প্রশাসন ও ব্লক প্রশাসনের আধিকারিকরা অগ্নি নির্বাপক দপ্তর ও বিদ্যুৎ নিগমের কর্মীদের নিয়ে দ্রুত ঘটনাস্থলে ছুটে যান। খোয়াই জিলা পরিষদের সদস্য সুব্রত মজুমদারও ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন।

এদিকে ঝড়বৃষ্টির সময় খোয়াই চা বাগান পঞ্চায়েতের সরকার পাড়ায় বজ্রপাতে এক স্কুলছাত্রী আহত হয়। তাকে খোয়াই জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে তার অবস্থা স্থিতিশীল বলে চিকিৎসকরা জানিয়েছেন।

*****************************

**Youth Congress Seminar :**

প্রদেশ যুব কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলা প্রেস ক্লাবে জেলা ও ব্লক যুব কংগ্রেসের সভাপতিদের নিয়ে এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা বলেন আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে সংগঠনকে ঢেলে সাজানোর পাশাপাশি ব্লক এবং জেলার যুব নেতৃত্বদের কাজকর্মের দিক নির্দেশনা তৈরী করার লক্ষে এই সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন অভিযোগ করেন বেকারদের কর্মসংস্থানে কেন্দ্র ও রাজ্য সরকারের কোনো উদ্যোগ নেই। সেমিনারে উপস্থিত ছিলেন যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা ও অন্যান্য নেতৃবৃন্দ।

******************************

**Yoga-Sepahijala :**

আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস। এই উপলক্ষে সরকারি ও বেসরকারি উদ্যোগে সিপাহীজলা জেলাতেও চলছে জোর প্রস্তুতি। রামঠাকুর যোগা সেন্টারের যোগ প্রশিক্ষক শিউলি চক্রবর্তী জানিয়েছেন, সোনামুড়া মহকুমার মেলাঘর, নলছড় ও বৈরাগীবাজারের প্রায় ২৫০ জন প্রশিক্ষণার্থী আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানে অংশ গ্রহনের জন্য প্রস্তুতি নিচ্ছে।

*****************************

**Girls' School Cricket :**

সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে আসরের ফাইন্যাল খেলায় আসাম রাইফেলস পাব্লিক স্কুল ৩৯ রানে প্রণবানন্দ বিদ্যামন্দিরকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে আসাম রাইফেলস পাব্লিক স্কুল ২০ ওভারে ৩ উইকেট হারিয়ে ১২৭ রান করে। জবাবে প্রণবানন্দ বিদ্যামন্দির ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ৮৮ রান করতে সক্ষম হয়।

****************************

**State Senior Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের প্রথম দুটি খেলা বৃষ্টিতে মাঠ ভেজা থাকায় আজ বাতিল করা হয়। এম বি বি স্টেডিয়ামে সদর ও মোহনপুর এবং ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে কৈলাসহর ও উদয়পুরের খেলা ছিল। গতকাল

পরিত্যক্ত হয় ম্যাচ দুটি। আজ রিজার্ভ ডে'তেও খেলা হয় নি। ফলে দুই ম্যাচে পয়েন্ট ভাগ হয়ে যায়।

*************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, রাজ্যে বর্ষা প্রবেশ করার পর এ বছর ১৩ ই জুন পর্যন্ত স্বাভাবিক হার থেকে তিন শতাংশ বেশি বৃষ্টিপাত হয়েছে। গত ১৩ই জুন পর্যন্ত রাজ্যে বৃষ্টি হয়েছে ১৮৯ দশমিক আট মিলিমিটার। স্বাভাবিক হার হল ১৮৩ দশমিক চার মিলিমিটার।

এদিকে, আগামীকালের আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ একত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক চার ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া উত্তর, উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের ও সতর্কতা জারি করা হয়েছে।

***************************